

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:16-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ৬ দিনের সফরে নাইজেরিয়া, ব্রাজিল এবং গোয়ানা যাবেন। ১৭ বছরে ভারতের কোনো প্রধানমন্ত্রী এই প্রথম নাইজেরিয়া সফরে যাবেন। তিনি প্রথম ধাপে নাইজেরিয়ার রাষ্ট্রপতি বোলা আহমেদ টিনুবুর সঙ্গে সাক্ষাত করবেন।

\*\*\*\*\*

**Review Meeting-Doner Minister :**

কেন্দ্রীয় যোগাযোগ ও ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকারের লক্ষ্য উত্তর পূর্বাঞ্চলের সবকয়টি রাজ্যকে সার্বিকভাবে আত্মনির্ভর ও শক্তিশালী করে গড়ে তোলা। গতকাল আগরতলায় সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন, পর্যালোচনা বৈঠকে উত্তর-পূর্ব উন্নয়ন অর্থাৎ ডোনার মন্ত্রকের প্রায় সব প্রকল্প নিয়ে আলোচনা হয়। এই পর্যালোচনায় লক্ষ্য করা গেছে যে, গত ১০ বছরে এই অঞ্চলের প্রতিটি ক্ষেত্রেই বিকাশ সাধিত হয়েছে। তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে গত ১০ বছরে এই অঞ্চলের জন্য ১ লক্ষ ৩ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তিনি জানান, ত্রিপুরাতেও কেন্দ্রীয় বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। ত্রিপুরার অভ্যন্তরীণ গড় উৎপাদন এবং মাথাপিছু আয়ও বৃদ্ধি পেয়েছে।

\*\*\*\*\*

### **Janajatiya Gourav Diwas-Doner Minister :**

সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় জনজাতিয় গৌরব দিবস উদযাপন করা হয়। কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনেরাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, কেন্দ্রীয় সরকার সমগ্র দেশেই জনজাতিদের কল্যাণে বিভিন্ন প্রকল্প ঘোষণা করে কাজ করছে।

অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, জনজাতিদের সামাজিক, অর্থনৈতিক, স্বাস্থ্য ও শিক্ষার বিকাশে রাজ্য সরকার সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে। অনুষ্ঠানে জনজাতিদের জন্য ২২ কোটি ৭৮ লক্ষ টাকার বিভিন্ন প্রকল্পের সূচনা করেন ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত সাংসদ কৃতি দেবী দেববর্মা ওরাজীব ভট্টাচার্য প্রমুখ।

\*\*\*\*\*

### **Governor visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও ভোক্তা বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া। রাজভবনে গতকাল সন্ধ্যায় তাদের সাক্ষাৎ হয়। রাজভবন থেকে এই খবর জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Bhrammakunda Fair :**

রাসপূর্ণিমা উপলক্ষে তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী গতকাল শুরু হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, মোহনপুর মহকুমা প্রশাসন এবং ব্রহ্মাকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহসভাধিপতি বিশ্বজিৎ শীল, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, ত্রিপুরা চা উন্নয়ন লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা মেঘা জৈন প্রমুখ।

\*\*\*\*\*

#### **PM-Jamui :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল জনজাতীয় গৌরব দিবসের স্বরণে জামুইতে আদিবাসী সম্প্রদায়ের উন্নতিকরণ এবং গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে পরিকাঠামোর উন্নতির জন্য ৬,৬০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি ধরতি আবা ভগবান বিরসা মুণ্ডার ১৫০তম জন্মবার্ষিকী বর্ষ উদযাপনেরও সূচনা করেন। জামুইতে জনসভায় গতকাল প্রধানমন্ত্রী বলেন যে তার সরকার আদিবাসী সম্প্রদায়ের ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি ঘোষণা করেন যে জনজাতীয় উৎকর্ষ গ্রাম অভিযানের অধীনে আদিবাসী গ্রামের পরিকাঠামো উন্নয়নে ৮০,০০০কোটি টাকা ব্যয় করা হবে। তিনি বলেন, সরকারি সহায়তায় উপজাতীয় সম্প্রদায়ের ২০ লক্ষ লাখপতি দিদি হয়েছে।

\*\*\*\*\*

#### **District Level New born week-South :**

দক্ষিণ জেলা হাসপাতালে গতকাল থেকে শুরু হয়েছে জেলাভিত্তিক নবজাতক সপ্তাহ অনুষ্ঠান। অনুষ্ঠানের উদ্বোধন করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার মুখ্যস্বাস্থ্য আধিকারিক ডা:

সুব্রত দাস, জেলা হাসপাতালের সুপার ডা: জে. টস রিয়াং প্রমুখ। অনুষ্ঠানে গত ২৪ ঘন্টায় জেলা হাসপাতালে জন্ম হওয়া ১৫ জন নবজাতকের মায়েদের সংবর্ধনা দেওয়া হয়।

\*\*\*\*\*

#### **Birsa munda celebration by CPIM :**

সিপিআইএমের উদ্যোগে ভগবান বীরসা মুন্ডার জন্মদিবস পালন করা হয়েছে। গতকাল দলের কামালঘাট ও লেফুঙ্গা অঞ্চল কমিটির উদ্যোগে কামালঘাটে আয়োজিত এক সভায় ভগবান বীরসা মুন্ডার জীবন আদর্শ নিয়ে আলোচনা করেছেন বামুটিয়ার বিধায়ক নয়ন সরকার, পশ্চিম জেলা পরিষদের প্রাক্তন সভাপতি দিলীপ দাস, সুদীপ দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ৪ উইকেটে জম্মু-কাশ্মীরের কাছে পরাজিত হয়েছে। জম্মুর হোস্টেল মাঠে অনুষ্ঠিত খেলার তৃতীয় দিনে গতকাল রাজ্যদল ৭ উইকেট হারিয়ে ১৭০ রান থেকে খেলতে নেমে দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২১১ রান করে। জয়ের জন্য ২০২ রানের লক্ষ্যে নেমে স্বাগতিক জম্মু-কাশ্মীর ৬ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। ত্রিপুরার অলরাউন্ডার মণিশংকর মুড়াসিং এম্যাচে প্রথম শ্রেণীর ক্রিকেটে ৩০০ উইকেট দখল করে রাজ্যের পক্ষে নতুন রেকর্ড গড়েন।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রীর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৬ ডিগ্রী সেলসিয়াস।

\* \* \* \* \*